



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।



বিজ্ঞপ্তি নং-৬৬/নসক/২০২৪

তারিখ: ১৩/০৫/২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রথম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৫/২০২৪ খ্রি. তারিখ হতে ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) থেকে আবেদন ফরম পূরণ করে পাসপোর্ট আকারের ছবি স্ক্যান করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে ছবি সংযুক্ত করে আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। **আবেদন ফরমের মূল্য বাবদ ৩০৭/- মোবাইল ব্যাংকিং “রকেট” এর মাধ্যমে টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপিতে TXN নম্বর উল্লেখ করে (মোবাইল নম্বরসহ) ও প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় (সরকারি ছুটি ব্যতীত) সকাল ১০:০০ টা হতে বেলা ০২:০০ টা পর্যন্ত জমা দানের নির্দেশ দেয়া হলো।**

১। প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ টি করে।

২। প্রাথমিক আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২১-২০২২ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।
- (গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।
- (ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রাম বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো।”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- (ঙ) প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩০৭ বিলার আইডিতে বিল নম্বর লিখার নিয়মাবলি :

শুধুমাত্র প্রিলিমিনারী টু মাস্টার্স এর ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।

বি. দ্র.: ২বার/৩বার করে দেওয়া ফি প্রদান করা যাবে না। নির্ধারিত ফি সঠিকভাবে না দিলে ফরম সাবমিট হবে না।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।